

যুগান্তর

চবি ছাত্রলীগে ফের উত্তেজনা

👤 চবি প্রতিনিধি

🕒 ১৯ ফেব্রুয়ারি ২০২৪, ০১:৩৯:১০ | [অনলাইন সংস্করণ](#)



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শাখা ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে ফের উত্তেজনা দেখা দিয়েছে। রোববার রাত সাড়ে ৯টার দিকে দুপক্ষের কর্মীদের মধ্যে বাদানুবাদের খবর পাওয়া গেছে। এ সময় নিজ নিজ হল থেকে প্রতিপক্ষকে লক্ষ্য করে উস্কানিমূলক কথাবার্তা বলে তারা।

বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির ইনচার্জ কবির হোসেন যুগান্তরকে বলেন, কিছুটা উত্তেজনা দেখা দিয়েছে। তবে অন্যান্য দিনের মতো সংঘর্ষের অবস্থা হয়নি। আমাদেরকে কোনো অ্যাকশনে যেতে হয়নি। আমরা সতর্ক অবস্থানে আছি।

এর আগে বৃহস্পতিবার ও শুক্রবার শাখা ছাত্রলীগের তিন উপগ্রুপের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটে। এতে অন্তত ৪০ জন আহত হয়। কুপিয়ে গুরুতর জখম করা হয় বেশ কয়েকজনকে। সার্বিক ঘটনা তদন্তে একটি কমিটি করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। প্রতিবেদন পেলে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন প্রক্টর ড. নূরুল আজিম সিকদার।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

